**বাংলাদেশ কৃষি ব্যাংক**
প্রধান কার্যালয়
৮৩-৮৫, মতিঝিল বাণিজ্যিক
এলাকা
ঢাকা-১০০০।

ফোনঃ ৯৫৫০৫০৫
পিএবিএক্সঃ ৯৫৬০০২১-২৫
৯৫৬০০৩১-৩৫/২২৯
email: dgmicd@krishibank.org.bd

## অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ বিভাগ

প্রকাঃঅনিবি-প্রশা-৩৯/২০১৭-২০১৮/৪৮১ (১১৩) তারিখঃ ০১-১১-২০১৭ খ্রিঃ

০১। সকল মহাব্যবস্থাপক
বিভাগীয় কার্যালয়
০২। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা
বিভাগীয় নিরীক্ষা কার্যালয়
০৩। সকল মুখ্য আঞ্চলিক/ আঞ্চলিক ব্যবস্থাপক
মুখ্য আঞ্চলিক/ আঞ্চলিক কার্যালয়
৪। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা
আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়
বাংলাদেশ কৃষি ব্যাংক

বিষয়ঃ ব্যাংকের পরিচালনা পর্ষদের অডিট কমিটির সভার সিদ্ধান্ত অনুযায়ী অভ্যন্তরীণ নিয়ন্ত্রন ও পরিপালন ঝুঁকি ব্যবস্থাপনা সংক্রান্ত কার্যক্রম বাস্তবায়ন ও পরিপালন প্রসংগে।

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করছি। অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ বিভাগের ১৮-০৭-২০১৭ তারিখের অনিবি/প্রশা-৩৯/২০১৭-২০১৮/ ৩৭(১২৭) নং পত্র, ০৬-০৯-২০১৭ তারিখের অনিবি/প্রশা-৩৯/২০১৭-২০১৮/ ১২৭ নং তাগিদ পত্র এবং পরবর্তীতে ১৮-০৯-২০১৭ তারিখে প্রেরণকৃত ১৪৮ নং পত্রের মাধ্যমে উপরোক্ত বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহন পূর্বক অত্র বিভাগকে অবহিতকরনের অনুরোধ জানানো হয়েছিল। কিন্তু অদ্যাবধি আপনাদের কার্যালয় হতে এ বিষয়ে কোন গৃহীত ব্যবস্থা অত্র বিভাগকে অবহিত করা হয়নি।

২। উল্লেখিত পত্রে কাংখিত তথ্যাদি অত্র বিভাগে প্রেরণ না করায় ১১-০৯-২০১৭ তারিখে অনুষ্ঠিত পর্ষদ অডিট কমিটির ৪২ তম এবং ২৬-১০-২০১৭ তারিখে অনুষ্ঠিত পর্ষদ অডিট কমিটির ৪৩ তম সভায় এ সংক্রান্ত বিষয়ে আপনাদের কার্যালয় হতে গৃহীত প্রয়োজনীয় ব্যবস্থা উপস্থাপন করা যায়নি। যার ফলে অডিট কমিটি অত্যন্ত অসন্তোষ ও ক্ষোভ প্রকাশ করেছেন।

০৩। ১১-০৯-২০১৭ তারিখে অনুষ্ঠিত পর্ষদ অডিট কমিটির ৪২ তম সভার নিম্নোক্ত (ঘ ) নং সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য আপনাদের কার্যালয় কর্তৃক গৃহীত ব্যবস্থা অত্র বিভাগকে অবহিত করণের জন্য পুনরায় তাগিদ প্রদান করা হলো।

"(ঘ) সংশ্লিষ্ট বিভাগ কর্তৃক প্রদত্ত জবাব যথাযথ হয়নি। যথাযথ জবাব প্রদান করতে হবে। মাঠ পর্যায়ে কেবল মাত্র নির্দেশনা দিলেই চলবেনা, নির্দেশনা দেয়ার পর কি ফলাফল পাওয়া গেল তার তথ্য জবাবে সন্নিবেশ করতে হবে। নির্দেশনায় বাস্তব ফলাফল সরজমিনে পরিদর্শন করে পরবর্তী সভায় তথ্য উপাত্তসহ উপস্থাপন করতে হবে।"

০৪। বিষয়টি অতীব জরুরী।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত,

১/১১/২০১৭
(লুৎফুন নাহার নাজ)
সহকারী মহাব্যবস্থাপক
(বিভাগীয় দায়িত্বে)

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুলিপি প্রেরণ করা হলো**

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।

০২। স্টাফ অফিসার, উপব্যবস্থাপনা পরিচালক-৩ মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।

০৩। সকল উপমহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস্, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা। (আইসিটি সিস্টেমস্ বিভাগকে পত্রখানা ব্যাংকের ওয়েব সাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো।

০৪। নথি/মহানথি।